# উপজেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

**বিষয়: উপজেলা পরিষদের অক্টোবর /২০২৩ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।**

সভাপতি : **মো: কামরুজ্জামান সুজন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ১২/১০/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান :উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ১৪/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও প: প: অফিস | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬(ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিস্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। | ১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিস্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| | | তিনি জানান যে, সমসাময়িক চলমান ডেঙ্গু পরিস্থিতি ও অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধে মাঠ পর্যায়ে আন্তব্যক্তিক যোগাযোগ এবং কমিউনিটি ক্লিনিক ও টিকাদান কেন্দ্রসমূহ স্বাস্থ্য শিক্ষা ও লিফলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। জ্বর হলেই সকলকে ডেঙ্গু পরীক্ষার অনুরোধ জানান। সকল সরকারি হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার ফি মাত্র ৫০/- এবং বেসরকারিভাবে ৩০০/- টাকা নির্ধারণ করে দিয়েছে সরকার। এটি মুলত মশাবাহিত রোগ, তাই বসতবাড়ীর আশেপাশে পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। কোথাও একদিনের বেশি পানি জমে থাকতে দেওয়া যাবে না। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির তাগিদ দেন। তিনি সভায় আরও জানান যে, বর্তমানে সাপে কাটা রোগি পাওয়া যাচ্ছে। গ্রাম পর্যায়ে বিশেষ করে কু-সংস্কারের প্রভাবে সাপে কাটা রোগী ওঝা কবিরাজের মাধ্যমে চিকিৎসা করে কোন উপকার না হলে অন্তিম পর্যায়ে হাসপাতালে নিয়ে আসছেন রোগির আত্মীয় স্বজনরা। এ বিষয়ে ব্যপক জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। সাপে কাটা মাত্রই রশি দিয়ে হালকা বেধে দ্রুত রোগিকে হাসপাতালে ভর্তি করাতে হবে। সরকারি হাসপাতালে এ উন্নতমানে চিকিৎসা করা হয়। তিনি এ বিষয়ে সকলকে প্রচার প্রচারনা চালানোর অনুরোধ জানান।<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় আরো জানান যে, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির আওতায় এখন পর্যন্ত ৩৫,৩৩২ জনকে অন্তর্ভূক্ত করা হয়েছে। এ কর্মসূচীর মাধ্যমে কার্ডধারী প্রতিটি ব্যক্তির পরিবার চিকিৎসা সেবার জন্য বছরে ৫০,০০০/- টাকা পর্যন্ত চিকিৎসা সহায়তা পাবেন। মাঠ পর্যায়ে এই কাজটি বাস্তবায়িত হচ্ছে ইএসডিও এনজিওর মাধ্যমে। তথ্য সমৃদ্ধ ডিজিটাল কার্ড প্রিন্ট হলে বাড়ি বাড়ি গিয়ে ব্যক্তির হাতে স্বাস্থ্য সুরক্ষা কার্ড পৌছে দেওয়া হবে। বাছাইকৃত উপকারভোগীর মাঝে কোন স্বচ্ছল ব্যক্তির নাম ভুলক্রমে অন্তর্ভুক্ত হয়ে গেলে তা বাতিলের জন্য সুপারিশ করার সুযোগ আছে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে।<br>২)ডেঙ্গু রোগের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার প্রচারনা চালাতে হবে।<br>৩) সাপে কাটা রোগির চিকিৎসার বিষয়ে জনসচেতনতাবৃদ্ধিমূলক প্রচার প্রচারনা চালাতে হবে।<br>৪) গুনগতমান বজায় রেখে স্বাস্থ্য সুরক্ষা কার্ড উপকারভোগীর হাতে পৌছে দিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা/ইএস ডিও |

<table>
<tr><td>০২</td><td>কৃষি অফিস</td><td>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি মৌসুমে সদর উপজেলায় ৫৩৫০ জন কৃষকের মাঝে কৃষি প্রণোদনার বীজ ও সার বিতরণ করা হবে। এর মধ্যে গম ১০৫০ জন, ভুট্টা ১২০০ জন, সরিসা ২৯০০জন, পেয়াজ-১০০ জন, চিনাবাদাম-৬০ জন ও মুগডাল ৪০ জন। মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ তালিকা প্রণয়ন করছেন। এছাড়া এ বছর রোপা আমন পরিস্থিতি অনেক ভালো রয়েছে। রোগ বালাই প্রতিরোধে কৃষকদের যথাযথ পরামর্শ প্রদান করা হচ্ছে। চলতি মৌসুমসহ আগামী রবি মৌসুমে যেন সারের সংকোট না হয় কোথাও যেন কোন ডিলার সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে কৃষকদের নিকট সার বিক্রয় না করেন এ বিষয়ে বিসিআইসি ডিলারদের সাথে বারংবার মতবিনিময় সভা করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে মনিটরিং জোরদার করা হয়েছে। এ ছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>১) রবি মৌসুমে মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে প্রকৃত কৃষকের তালিকা করে কৃষি প্রণোদনার সার, বীজ যথাযথভাবে বিতরণ করতে হবে এবং কৃষক পর্যায়ে যেন তা চাষাবাদ হয় বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td>০৩</td><td>প্রাণি সম্পদ অফিস</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে গবাদি পশুর লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব কমেছে। এটি মুলত মশা মাছির মাধ্যমে ছড়ায়। প্রতিরোধ হিসেবে আক্রান্ত পশুকে অন্য পশু থেকে আলাদা রাখতে হবে সম্ভব হলে মশারির ভিতরে রাখতে হবে। গবাদি পশুর ঘর আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে খামারিদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। গত মাসে সদর উপজেলার ০৯টি ইউনিয়নে পিপিআর রোগের ভ্যাকসিনেশন ক্যাম্প পরিচালিত হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>১) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>২) গবাদি পশুর লাম্পি স্কিন রোগ প্রতিরোধে এ উপজেলার খামারিদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br>৩) পিপিআর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য অফিস</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মাছের বাজারে ফরমালিন পরীক্ষা</td><td>০৬টি</td></tr>
<tr><td>০২</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>২০জন</td></tr>
<tr><td>০৩</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>১৮টি</td></tr>
<tr><td>০৪</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>২০টি</td></tr>
<tr><td>০৫</td><td>মৎস্য বাজার ও আড়ত পরিদর্শন</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৬</td><td>অবৈধ কারেন্ট জাল/রিংজাল বিবিধ অভিযান</td><td>০১টি</td></tr>
</table>
এছাড়া, বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ রক্ষায় রিং জাল, কারেন্ট জাল, চায়না জঞ্জাল ক্রয়-বিক্রয় এবং স্থাপনের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার এর সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</td><td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিদ্যালয়ের লেখাপড়ার মানোন্নয়নের জন্য বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। গত ১৪/০৯/২০২৩ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্ষুদে ডাক্তারদের মাধ্যমে কৃমিনাশক টেবলেট খাওয়ানো হয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তঃস্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতায় জেলা পর্যায়ে লালমনিরহাট সদর উপজেলা চাম্পিয়ান হয় এবং বিভাগীয় পর্যায়ে রানার্সআপ হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।<br><br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষনপূর্বক জানান যে, বিভিন্ন সময় বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে বিদ্যালয়ের নিজস্ব জমি সংক্রান্ত জটিলতা নিয়ে অভিযোগ পাওয়া যাচ্ছে। তাই প্রতিটি বিদ্যালয়ের সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা? বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করা প্রয়োজন। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | (ক) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং আরও বৃদ্ধি করতে হবে। কোন অনিয়ম হলে তার বিরুদ্ধে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) খোচাবাড়ী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণে উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনে দুইটি আলাদা আলাদা গেট নির্মাণের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ক) প্রতিটি বিদ্যালয়ের নিজস্ব জমি সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা যাচাই করতে হবে। বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের ৫১ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্নপূর্বক পুরস্কার বিতরণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের এসএসসি'র নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) প্রতিটি বিদ্যালয়ের নিজস্ব জমি সর্বশেষ বিআরএস রেকর্ডে বিদ্যালয়ের নামে রেকর্ড হয়েছে কিনা যাচাই করতে হবে। বিদ্যালয়ের নামে নামজারী না থাকলে দ্রুত নামজারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে। বিদ্যালয়ের জমির মালিকানা সংক্রান্ত কোন জটিলতা থাকলে তা নিরসনে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ৭ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি-৭৯,১৭৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন-১২জন, আইইউডি ১৯, ইমপ্লান্ট ৫৪, ইনজেকটেবল ৩২৫১ জন। খাবার বড়ি বিতরণ করা হয়েছে-১৬৭৭৫ পিজ, কনডম-১২৯৮১ পিজ। মা ও শিশুস্বাস্থ্যসেবা এবং সাধারণ রোগীসেবা কার্যক্রম: মোট গর্ভবতী ২৩৩৫ জন, গর্ভবতী সেবা ১২৬৩ জন, গর্ভোত্তর সেবা ৩১৬ জন, ০-৫ বছরের শিশু সেবা ২৭৪৯ জন, সাধারণ রোগীর সেবা ৪৮১৩ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে সেমিনার/মতবিনিময় সভার আয়োজন করতে হবে।<br><br>২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | প্রকৌশল অফিস | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী নবনির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সার্বিক নিরাপত্তার নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সাইড ওয়াল ও কলাপসিবল গেট নির্মাণের নিমিত্ত ৬,৯২,৮৯৭/- টাকার প্রাক্কলন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে যাতায়াতের রাস্তাসমূহ মেরামত/সংস্কার করার নিমিত্ত সর্বমোট ৭৯,২৫,৪৭১/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা সভায় অনুমোদনের নিমিত্ত অনুরোধ জানান।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষনপূর্বক জানান যে, গত সেপ্টেম্বর/২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী নবনির্মিত উপজেলা পরিষদের সভাকক্ষের আসবাবপত্র (চেয়ার, টেবিল) ক্রয় সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক এ সভায় দাখিলের সিদ্ধান্ত থাকলেও তা পাওয়া যায়নি। বিধায় পুন:রায় উল্লিখিত প্রকল্পটির প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থাপনের অনুরোধ জানান।<br>(গ) সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পসমূহের তালিকা দাখিল করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এখনো পর্যন্ত কোন ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া যায়নি। প্রকল্প তালিকা দ্রুত সময়ের মধ্যে দাখিল করার জন্য তিনি উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে এ উপজেলা পরিষদের নবনির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সার্বিক নিরাপত্তার জন্য সাইড ওয়াল ও কলাপসিবল গেট নির্মাণের প্রস্তুতকৃত ৬,৯২,৮৯৭/- টাকার প্রাক্কলন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে যাতায়াতের রাস্তাসমূহ মেরামত/সংস্কার করার নিমিত্ত উপস্থাপিত সর্বমোট ৭৯,২৫,৪৭১/- টাকার প্রাক্কলন অনুমোদন করা হলো। বর্ণিত প্রকল্প ০২টি স্থানীয় সরকার বিভাগকর্তৃক পূর্বানুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) নবনির্মিত উপজেলা পরিষদের হলরুমের আসবাবপত্র (চেয়ার, টেবিল) ক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের নিমিত্ত আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে।<br><br>(গ) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) প্রকল্পসমূহের তালিকা দাখিল করতে হবে। | উপজেলা প্রকৌশলী<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)/সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ৯ | ত্রাণ অফিস | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলায় গার্ডার ০২টি ব্রীজ নির্মাণ কাজ চলমান আছে যার অগ্রগতি ৯৮%, বক্স কালভার্ট ০৭টি যার অগ্রগতি ৪২%। এছাড়া মোগলহাট ইউনিয়নের ফলিমারি চরে নির্মাণাধীন ফলিমারি মুজিব কেল্লা কাজের অগ্রগতি ৭২.৮৫%। প্রকল্পটি নদী তীরবর্তী হওয়ায় বর্তমানে অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কাজ বন্ধ রয়েছে। এবং বীর নিবাস ৫৪টির নির্মাণ কাজ চলমান রয়েছে কাজের অগ্রগতি ৬৫% । | গার্ডার ব্রীজ ০২টি, বক্স কালভার্ট ০৭টি এবং বীর নিবাস ৫৪টির নির্মাণ কাজ নিয়মিত তদারকিকরণসহ যথাসময়ে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | শিক্ষা প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | এ উপজেলার অবৈধ করাতকলগুলোর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ |
| ১৫ | বিআরডিবি অফিস | সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋণের পরিমান, আদায়ের পরিমাণ এবং খেলাপি ঋনের পরিমানসহ ঋন খেলাপির কারণসহ বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৬ | মহিলা বিষয়ক অধিদফতর অফিস | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনীধি সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর, লালমনিরহাট |
| ১৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮ | যুব উন্নয়ন অধিদপ্তর অফিস | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিতরণকৃত ঋনের পরিমান, আদায়ের পরিমাণ এবং খেলাপি ঋনের পরিমান ঋন খেলাপির কারণসহ বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান ফিসার |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, প্রতি বারের মত এ বারেও শারদীয় দুর্গাপূজায় সদর উপজেলার মোট ১৬০ মন্ডপে আনসার ভিডিপি সদস্যরা সার্বক্ষনিক দায়িত্ব পালন করবেন। তাদের তালিকা ইতোমধ্যে চুড়ান্ত করা হয়েছে। অধিক ঝুকিপূর্ণ মন্ডবে ৮ জন থেকে শুরু করে ৬ জন এবং সর্বনিম্ন ৪জন আনসার ভিডিপি সদস্য দায়িত্বে থাকেবন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। দুর্গাপূজায় দারিত্তরত প্রতিটি সদস্যের কাছে জরুরী প্রয়োজনীয় পুলিশ কন্ট্রোলরুম, বিট পুলিশ মোবাইল টিম এবং ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক অফিস | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিতরণকৃত ঋণের অর্থ আদায়ে আরো সোচ্চার হতে হবে। ঋণ বিতরণের সময় সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ অফিস | সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | আগামী রবি মৌসুমে কৃষকের পর্যাপ্ত সেচের ব্যবস্থা রাখতে হবে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | তথ্য আপা প্রকল্প অফিস | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ০২/০৯/২০২৩ ইং তারিখে লালমনিরহাট সদর উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নরুপ ২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উক্ত প্রকল্পগুলো মধ্যে যেগুলো পঞ্চবার্ষিক পরিকল্পনায় অর্ন্তভূক্ত নাই সে গুলো পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভূক্তির প্রস্তাব করেন। প্রকল্প ২টির অগ্রাধিকার তালিকা প্রাক্কলিত বাজেটসহ নিম্নরুপ যথাক্রমে:<br><br>(ক) মানসম্মত শিক্ষা অব্যাহত রাখার স্বার্থে লালমনিরহাট সদর উপজেলার ২১ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪৬১ জোড়া উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ।<br>শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ও বেঞ্চ সংখ্যা:<br>(১) সাকোয়া তাজ মাহমুদ উচ্চ বিদ্যা: ২৫ সেট (২) কিসমত হারাটি বি,এল উচ্চ বিদ্যা: ২৫ সেট (৩) ঢাকনাই টেকনিক্যাল এন্ড বিজনেজ ম্যানেজমেন্ট কলেজ ২৫ সেট (৪)শেখ শফিউদ্দিন কমার্স কলেজ ২৫ সেট (৫)মোস্তাফী ভুড়িধোয়া দাখিল মাদ্‌রাসা ২০ সেট (৬) খুনিয়াগাছ এমদাদ উল্লা এম,এম দাখিল মাদ্‌রাসা ২০ সেট (৭) চর কুলাঘাট উচ্চ বিদ্যা ২৫ সেট (৮)কালেক্টরেট কলেজিয়েট স্কুল ২৫ সেট (৯) বুড়িরহাট উচ্চ বিদ্যা: ২১ সেট (১০) আয়েশা খাতুন শিশু নিকেতন ১৫ সেট (১১) বুমকা সরকারি প্রাথ: বিদ্যা: ২৫ সেট (১২)পশ্চিম গুড়িয়াদহ সরকারি প্রাথ: বিদ্যা: ২০ সেট (১৩)আমবাড়ী সরকারি প্রাথ: বিদ্যা: ২০ সেট (১৪) লালমনিরহাট সরকারি প্রাথ: বিদ্যা: ২৫ সেট (১৫) রামশিং সরকারি প্রাথ: বিদ্যা: ২০ সেট (১৬) তিস্তা মাদ্রাসা সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ সেট (১৭)তিস্তা কে, আর খাদেম সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫সেট (১৮) তামিদুল ইসলাম বিপ্লব বিদ্যাপিট ১৫ সেট (১৯)ফকিরটারী সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০ সেট (২০) ফুলগাছ সরকারি প্রাথ: বিদ্যা: ২০ সেট (২১) হরিণচড়া কুটিপাড়া স:প্রা:বি: ২০ সেট । বর্ণিত প্রকল্পের ভ্যাট ও আইটিসহ সর্বমোট প্রাক্কলিত মূল-৩৬,১৮,৮৫০/- টাকা।<br>(খ) পানি নিস্কাশনের জন্য মহেন্দ্রনগর ইউনিয়নে সিংগাদার মৌজার রফিকুলের বাড়ী হইতে ব্রীজ পর্যন্ত পাকা ড্রেন নির্মান বাবদ ১১,৫০,০০০/- টাকা। একুনে সর্বমোট ক+খ = (৩৬,১৮,৮৫০+১১,৫০,০০০) = ৪৭,৬৮,৮৫০/- টাকা। | সভায় উপস্থাপিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ০২টির প্রাক্কলিত খরচ (ভ্যাট ও আইটি সহ) ৪৭,৬৮,৮৫০/= (সাতচল্লিশ লক্ষ আটষট্টি হাজার আটশ পঞ্চাশ টাকা মাত্র ) অনুমোদিত হলো এবং যে সব উপ-প্রকল্প পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত নাই সেগুলো অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গৃহিত হলো। বর্ণিত প্রকল্প ০২টি প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বরাবর অনুমোদনের নিমিত্ত প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ |
| ২৬ | বিবিধ | সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানগণের জানুয়ারি/২০২২ থেকে অক্টোবর/২০২২ মাসের ভ্রমণভাত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | উপস্থাপিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানগণের জানুয়ারি/২০২২ থেকে অক্টোবর/ ২০২২ মাসের ভ্রমণভাত অনুমোদন করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: কামরুজ্জামান সুজন)<br>
সভাপতি<br>
ও<br>
চেয়ারম্যান<br>
উপজেলা পরিষদ<br>
লালমনিরহাট সদর, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২২ - ৯১৪ (৪০)

তারিখ: ০১ কার্তিক ১৪৩০ / ১৭ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ১৮-লালমনিরহাট-৩ লালমনিরহাট সদর, লালমনিরহাট
০২. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
০৩. জেলা প্রশাসক, লালমনিরহাট
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৭. উপজেলা.............................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৮. জনাব..............................লালমনিরহাট সদর, লালমনিরহাট
০৯. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

১৭/১০/২০২৩

(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@mopa.gov.bd